



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

কৃষিই সমৃদ্ধি
ফোন : ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৯১১৮৪১৫
ইমেইল : dgbjri@gov.bd

স্মারক নং-১২.২৩.০০০০.০১০.৯৯.০০১.১৮ ৮৫৮ (২৫)

তারিখ : ১৮-৯-২০১৮ খ্রিঃ

বিষয় : বিজেআরআই এর কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বিলের উপর ২০১৮-১৯ অর্থ বছরের উৎসে কর কর্তন প্রসঙ্গে।

সূত্র-১ : কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০১২.০৩২.০৪.০০.০০২১.২০০৭ (অংশ)-৪২০ তারিখ : ২৪-৪-২০১৬ খ্রিঃ।
সূত্র-২ : উপকর কমিশনার এর পরিপত্র নং ১০৮ ধারা/সা-১৭/কঅ-১/২০১৫-২০১৬ তারিখ : ৩১-০৫-২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা-৫০ এর উপ-ধারা (১অ) অনুযায়ী সরকারি চাকুরীজীবী, যিনি নিজে Drawing and Disbursing Officer, তিনি আয় বছরের শুরুতে তাঁর প্রাপ্য বেতন, উৎসব ভাতা ও বোনাসের পরিমাণ এর ভিত্তিতে বেতন খাতে করযোগ্য আয় নিরূপন করবেন। বেতন খাতে করযোগ্য আয়ের উপর বিদ্যমান কর হার প্রয়োগ করে মোট প্রদেয় কর এর পরিমাণ নিরূপন এবং তা হতে বিদ্যমান হারে কর রেয়াত বাদ নিয়ে নীট প্রদেয় কর এর পরিমাণ নির্ধারণ করবেন। উপরে বর্ণিত পদ্ধতিতে নিরূপিত নীট প্রদেয় কর ১২ (বার) দিয়ে ভাগ করে মাসিক প্রদেয় কর এর পরিমাণ নির্ধারণ করতঃ এবং প্রতিমাসের বেতন বিলে উক্ত পরিমাণ অর্থ কর পরিশোধ হিসেবে বাদ দিয়ে নীট প্রাপ্য বেতন ভাতার পরিমাণ নিরূপন করে বেতন বিল প্রণয়ন করবেন। জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর পরিপত্র-১, ২০১৮-২০১৯ অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছর এর আয়কর সংযুক্ত ছক মোতাবেক নির্ধারণপূর্বক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সহকারী পরিচালক, হিসাব (রাজস্ব) শাখায় প্রেরণের জন্য বিজেআরআই এর সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বেতন বিবরণী।

(ড. এস.এম. মাহবুব আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ)।

কার্যার্থে বিতরণঃ

- ১। পরিচালক (কৃষি/কারিগরী/জুট টেক্সটাইল/প্রশাসন ও অর্থ), বিজেআরআই।
- ২। সকল সিএসও,, বিজেআরআই।
- ৩। সকল শাখা প্রধান, মহাপরিদপ্তর, বিজেআরআই।
- ৪। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাটের কৃষি পরীক্ষা কেন্দ্র, জাগীর, মানিকগঞ্জ।
- ৬। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর।
- ৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, ফরিদপুর/চাঁদিনা/কিশোরগঞ্জ।
- ৮। বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট গবেষণা উপকেন্দ্র, মনিরামপুর/তারাব/পটুয়াখালী।
- ৯। বৈজ্ঞানিক কর্মকর্তা, পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নসিপুর, দিনাজপুর।

অনুলিপিঃ

- ১। পিএস-টু-ডিজি, বিজেআরআই।
- ২। ক্যাশ শাখা, বিজেআরআই।

আয়করের আওতাভুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আয়করের আওতাভুক্ত সকল কর্মচারীর বেতন হতে আয়কর কর্তন ও সরকারি কোষাগারে জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

কৃষিই সমৃদ্ধি

ফোন : ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৯১১৮৪১৫
ইমেইল : dgbjri@gov.bd

কর বছর : ২০১৯-২০২০

অর্থ বছর : ২০১৮-২০১৯

নাম ও পদবী :			
১। আয় :			
১। বেতন জুলাই, ২০১৮ হতে জুন, ২০১৯	টাকা	:	
২। উৎসব ভাতা	টাকা	:	
৩। বোনাস	টাকা	:	
	মোট আয় টাকা	:	

২। কর নির্ধারণঃ				
নং	মোট	হার	কর	
১। মোট করযোগ্য আয়ের পরিমাণ	টাকা :			
২। প্রথম	টাকা : ২,৫০,০০০.০০ (মহিলা ও ৬৫ বছর তদুর্ধ্ব) ৩,০০,০০০.০০ প্রতিবন্ধী-৪,০০,০০০.০০ (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা - ৪,২৫,০০০.০০)	পর্যন্ত	শূন্য	০
৩। পরবর্তী	টাকা: ৪,০০,০০০.০০	১০%	-	
৪। পরবর্তী	টাকা : ৫,০০,০০০.০০	১৫%	-	
৫। পরবর্তী	টাকা : ৬,০০,০০০.০০	২০%		
৬। পরবর্তী	টাকা : ৩০,০০,০০০.০০	২৫%		
৭। অবশিষ্ট মোট আয়ের উপর		৩০%		

* কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ৫০,০০০/- টাকা বেশী হবে।
মোট কর টাকা : -

৩। বিনিয়োগ :			
১। ভবিষ্য তহবিল চাঁদা ও কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় অনুদান		টাকা	:
২। অতিরিক্ত ২.৫০%		টাকা	:
৩। কল্যান তহবিল ও যৌথ বীমার চাঁদা		টাকা	:
৪। জীবন বীমার প্রিমিয়াম পলিসি নং- ও কোম্পানী/এল, আই ইত্যাদি অনুমোদিত বিনিয়োগ/দান		টাকা	:
		মোট বিনিয়োগ টাকা	:

৪। ক) মোট আয় কর	টাকা	:
খ) মোট আয়ের সর্বোচ্চ ২৫% অর্থ অথবা প্রকৃত বিনিয়োগ ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) পর্যন্ত এর মধ্যে যেটি কম তার উপর মোট আয় ১০ লক্ষ পর্যন্ত ১৫%, ১০ লক্ষ টাকার অধিক কিন্তু ৩০ লক্ষ পর্যন্ত অনুমোদনযোগ্য অংকের প্রথম ২ লক্ষ ৫০ হাজার টাকা ১৫% এবং অবশিষ্ট অংশের ১২% হারে কর রেয়াত।	টাকা	:
প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ- :		

এলাকার বিবরণ	ন্যূনতম আয়কর
ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

প্রদেয় কর :
প্রদত্ত কর :

ঃ.....

স্বাক্ষর

Md. Faruk Hossain (সিনিয়র
আই.এস.ও.)
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

(আলিয়া পারভীন)
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিকমিয়া এভিনিউ, ঢাকা-১২০৭